



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট)  
পরিবহন বিক্টিং, রাজারবাগ পুলিশ লাইন  
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা  
www.police.gov.bd

স্মারক নং-ডিএমপি/জেসি(ট্রান্সপোর্ট)/পিএ/১১

তারিখ: ১৪/০২/২০২৪খ্রি.

### বিজ্ঞপ্তি

ঢাকা মেট্রোপলিটন পুলিশের ৪৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে ঢাকা মহানগরীতে অবস্থিত স্বনামধন্য সরকারি/বেসরকারি স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত ঞপভিত্তিক রচনা আহ্বান করা যাচ্ছে:

ঞপ	শ্রেণি	শব্দসীমা	বিষয়বস্তু/Topic
ক	মাধ্যমিক (৬ষ্ঠ হতে ১০ম)	অনধিক ৫০০ শব্দ	আমি যদি ট্রাফিক পুলিশ হতাম
খ	মাদ্রাসা (৬ষ্ঠ হতে ১০ম)	অনধিক ৮০০ শব্দ	ইসলামের দৃষ্টিতে আইন শৃঙ্খলা রক্ষা ও নাগরিক দায়িত্ব
গ	কলেজ (একাদশ হতে দ্বাদশ)	অনধিক ৮০০ শব্দ	রাজারবাগের প্রথম প্রতিরোধ এবং মুক্তিযুদ্ধে বাংলাদেশ পুলিশের গৌরবোজ্জ্বল ভূমিকা
ঘ	বিশ্ববিদ্যালয় (পাবলিক/বেসরকারি)	অনধিক ১০০০ শব্দ	স্মার্ট ঢাকা মহানগর গঠনে পুলিশ জনতার পারম্পরিক অংশীদারিত্ব

- উপ-পুলিশ কমিশনারের কার্যালয়ে রচনা পাঠানোর শেষ তারিখ:- ২২/০১/২০২৪খ্রি. ১৫০০ ঘটিকা
- রচনা পাঠানোর ঠিকানা:- উপ-পুলিশ কমিশনার (ওয়ারী/মতিঝিল/রমনা/লালবাগ/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা) বিভাগ
- রচনার জন্য প্রতিটি ঞপ (ক/খ/গ/ঘ) থেকে দশজন (১০) কে শ্রেষ্ঠ লেখকের পুরস্কার প্রদান করা হবে এবং অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিষ্ঠানের সেরা একজন (০১) কে পুরস্কার প্রদান করা হবে

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী:-

- রচনা প্রতিযোগিতার ক্ষেত্রে কাতার পৃষ্ঠায় শিক্ষা প্রতিষ্ঠানের নাম, নিজের নাম, শ্রেণি/বিভাগ, রোল, শিক্ষাবর্ষ, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর লিখতে হবে।
- শিক্ষার্থী যহন্তে/টাইপকৃত (১৪ ফন্ট) বাংলা বা ইংরেজিতে লেখা শ্রেণণ করতে পারবেন, তবে যহন্তে লেখা (বাংলা/ইংরেজি) অগ্রাধিকার দেয়া হবে।
- A4 সাইজের সাদা কাগজের উপরে ও বামপাশে ০১ ইঞ্চি করে মার্জিন রেখে এক পৃষ্ঠা করে লিখতে হবে এবং প্রতি পৃষ্ঠার নিচে ডানপাশে পৃষ্ঠা নম্বর দিতে হবে।
- প্রতিযোগীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি ও পাসপোর্ট সাইজের এক কপি ছবি পাঠাতে হবে।
- প্রতিযোগিকে এই মর্মে অসিকার দাখিল করতে হবে যে, এই রচনা তার নিজস্ব, রচনাটি অন্য কোন রচনার বাক্যবিশেষ অধিকার নয় বা হুবুহু অনুবাদ নয়। রচনাটি নকল বা সরাসরি অনুবাদ করা হলে বাতিল বলে গণ্য হবে।
- পুরস্কারের জন্য নির্বাচিতদের আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।

(এ বি এম মাসুদ হোসেন খিপিএম-বার)  
বিপি-৭৫০৫১০৫০৭৯  
যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট)  
ও  
সদস্য সচিব  
রচনা প্রতিযোগিতা আয়োজন কমিটি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট)  
পরিবহন বিভাগ, রাজারবাগ পুলিশ লাইন্স  
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা  
www.police.gov.bd

স্মারক নং-ডিএমপি/জেসি(ট্রান্সপোর্ট)/পিএ/২২(০৮)  
প্রতি

তারিখ : ১৪/০১/২০২৪খ্রি.

উপ-পুলিশ কমিশনার (মতিঝিল/রমনা/লালবাগ/ওয়ারী/গুলশান/উত্তরা/মিরপুর/তেজগাঁও),  
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

বিষয় : ডিএমপির ৪৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে ঢাকা মহানগরীর স্বনামধন্য সরকারি/বেসরকারি স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী হতে রচনা সংগ্রহপূর্বক প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রোপলিটন পুলিশের ৪৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে গত ০৯/০১/২০২৪খ্রি. তারিখে মাননীয় পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে সভায় ঢাকা মহানগরীর স্বনামধন্য সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত শর্তাবলী ও সংযুক্ত তালিকায় বর্ণিত বিষয়বস্তুর উপর আপনার আওতাধীন এলাকায় স্বনামধন্য সরকারি/বেসরকারি স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের নিকট হতে রচনা সংগ্রহপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ২২/০১/২০২৪খ্রি. তারিখ পূর্ণঃ ২২/০১/২০২৪খ্রি তারিখের মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

গ্রুপ	শ্রেণি	শব্দসীমা	মন্তব্য
ক	মাধ্যমিক (৬ষ্ঠ হতে ১০ম)	অনধিক ৫০০ শব্দ	ন্যূনতম ১০টি প্রতিষ্ঠান হতে রচনা সংগ্রহ করতে হবে
খ	মাদ্রাসা (৬ষ্ঠ হতে ১০ম)	অনধিক ৮০০ শব্দ	ন্যূনতম ০২টি প্রতিষ্ঠান হতে রচনা সংগ্রহ করতে হবে
গ	কলেজ (একাদশ হতে দ্বাদশ)	অনধিক ৮০০ শব্দ	ন্যূনতম ০৫টি প্রতিষ্ঠান হতে রচনা সংগ্রহ করতে হবে
ঘ	বিশ্ববিদ্যালয় (পাবলিক/বেসরকারি)	অনধিক ১০০০ শব্দ	প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারিত নয়

(এ বি এম মাসুদ হোসেন বিপিএম-বার)  
বিপি-৭৫০৫১০৫০৭৯  
যুগ্ম-পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট)

ও

সদস্য সচিব

রচনা প্রতিযোগিতা আয়োজন কমিটি  
ডিএমপির ৪৯তম প্রতিষ্ঠা বার্ষিকী  
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা  
ফোনঃ ৮৩০৪৬৪৫, ফ্যাক্সঃ ৮৩০১৬১২  
E-mail:dmp.jcmt@police.gov.bd